56

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ প্রেস তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

# শিক্ষাকতাকে ব্রত হিসাবে গ্রহণ করিতে হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষকতাকে চাকুরী হিসাবে গ্রহণ না করিয়া ব্রত হিসাবে গ্রহণ করার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি

(১১শ পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

বলেন, কেবলমাত্র সুরম্য অট্টালিকা বা সুন্দর ভৌত অবকাঠামো শিক্ষার মান বৃদ্ধি করিতে পারিবে না, যতক্ষণ পর্যন্ত না শিক্ষকগণ শিক্ষার গুনগত মান বৃদ্ধি এবং উৎকর্ষতা সাধন করেন।

মন্ত্রী গতকাল (শনিবার) আকস্মিক ভাবে মহাখালী আবদুল হামিদ দর্জি সরকারী প্রাথমিক বিদ্যালয়, আমতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, বি, জি, প্রেস সরকারী প্রাথমিক বিদ্যালয়, কাকরাইল সরকারী প্রাথমিক বিদ্যালয়, আগামছি লেন সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কোতয়ালী থানা শিক্ষা অফিস পরিদর্শন করেন।

এসব শিক্ষাপ্রতিষ্ঠানের অপরিচ্ছন্ন পরিবেশ ও সঠিকভাবে দায়িত্ব পালনে শিক্ষকদের অনীহা দেখিয়া তিনি অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী ৭ দিনের মধ্যে এই অবস্থার উন্নতির নির্দেশ প্রদান করেন। অন্যথায় তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ প্রদান করেন।

মন্ত্রী আমতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অননুমোদিতভাবে অনুপস্থিত দেখিতে পাইয়া তাহাকে কারণ দর্শাও নোটিস জারি করার নির্দেশ দেন। তিনি তাহার কাছ হইতে উত্তর পাওয়া সাপেক্ষে বেতন বন্ধ রাখারও নির্দেশ প্রদান করেন।

মন্ত্রী কোতয়ালী থানা শিক্ষা অফিস পরিদর্শনকালে তিনজন সরকারী থানা শিক্ষা অফিসারকে অনুপস্থিত দেখিতে পান। তিনি তাহাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন। তথ্য বিবরণী।